# ভারত আশ্রয় দিচ্ছে আওয়ামী লীগের সন্ত্রাসী: হাসনাত আব্দুল্লাহ



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ দাবি করেছেন, ভারতের প্রতি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার নামে তারা বাংলাদেশি সন্ত্রাসীদের লালন-পালন করছে। তিনি বলেন, আওয়ামী লীগের প্রায় ৩০ হাজার সন্ত্রাসী পাসপোর্ট বা ভিসা ছাড়াই ভারতে আশ্রয় পেয়েছে এবং এখন সেখানে প্রশিক্ষণ ও অর্থায়ন পাচ্ছে।

বুধবার (১৭ ডিসেম্বর) বিকেলে কুমিল্লার দেবিদ্বার উপজেলার এলাহাবাদ ইউনিয়নের ফুলতলী গ্রামে অনুষ্ঠিত এক পথসভায় হাসনাত আব্দুল্লাহ বলেন, ভারত বাংলাদেশের সন্ত্রাসীদের আশ্রয় দিচ্ছে, তাদের অর্থ ও প্রশিক্ষণ প্রদান করছে এবং পরে এসব সন্ত্রাসীকে দেশে পাঠিয়ে ধারাবাহিকভাবে অপরাধমূলক কর্মকাণ্ড চালাতে সহায়তা করছে। এ বিষয়ে বারবার সতর্ক করা হলেও ভারত তা বন্ধ করেনি বলে তিনি অভিযোগ করেন।

LENS ASIA

তিনি আরও বলেন, সম্পর্ক হতে হবে ন্যায্যতা ও পারস্পরিক সম্মানের ভিত্তিতে। সীমান্তে যদি গুলি চালানো হয়, তবে বাংলাদেশ চুপ করে থাকবে না। আমরা গুলি চালাতে না পারলেও প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে সক্ষম।

ভারতের সাংস্কৃতিক প্রভাব নিয়েও সতর্ক করে তিনি বলেন, নাটক ও সিনেমার মাধ্যমে ভারতীয় সংস্কৃতি আমাদের সমাজে প্রবেশ করিয়ে দেশকে নির্ভরশীল করার চেষ্টা করা হচ্ছে। এখন সময় এসেছে আত্মনির্ভরশীল হওয়ার এবং নিজস্ব সংস্কৃতি ও স্বার্থ রক্ষায় এগিয়ে আসার।

হাসনাত দাবি করেন, আওয়ামী লীগের শাসনামলে ভারতের সঙ্গে সম্পর্ক ছিল অসম ও একতরফা, যেন স্বামী-স্ত্রীর সম্পর্ক। ভারতীয় ষড়যন্ত্রের ফলে বাংলাদেশের মুসলমানদের দীর্ঘদিন ধরে জঙ্গি হিসেবে চিহ্নিত করা হয়েছে। যারা এর বিরোধিতা করেছে, তাদের হত্যা করা হয়েছে। সেই ধারাবাহিকতায় আমাদের ভাই হাদি শহীদ হয়েছেন এবং আমরাও এখন টার্গেটের বাইরে নই।